দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 27 MAY 2010 ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম .... ৫ ......

# ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসির সাক্ষাত

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ২৬ মে ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষার সার্বিক উন্নয়নে ইউজিসি'র নেতৃত্বে পারস্পরিক সহযোগিতাসহ এক সঙ্গে কাজ করতে অঙ্গীকার ব্যক্ত করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ ইউজিসি'র নব নিযুক্ত চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নানের সঙ্গে সাক্ষাতকালে উভয় পক্ষ এ অঙ্গীকার ব্যক্ত করে। মঙ্গলবার দুপুরে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কার্যালয়ে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়। এ সময় তার সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য মোঃ আসলাম ভূঁইয়া, অধ্যাপক ড. মুনাজ আহমেদ নুর, কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ নোমান উর রশীদ, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও প্রক্টর উপস্থিত ছিলেন।